

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট।

নম্বর : ২৫

তারিখ : ১২/০২/২০২৩ খ্রিঃ।


নিয়োগ বিজ্ঞপ্তি

বাগেরহাট জেলার চিতলমারী উপজেলায় “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আবর্তক সম্পদ সহায়তা তহবিল পরিচালনার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ফ্যাসিলিটের পদে জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা হলো।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	সর্বসাকুল্যে বেতন	মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান
০১	ফ্যাসিলিটের	০১ টি	যে কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে নূন্যতম এইচ এস সি বা সমমান পাশ হতে হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে	১৫০০০/- (পনেরো হাজার) টাকা মাত্র	মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সম্বলিত (মোবাইল ফোন নম্বর আবশ্যিক) আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে হবে।
- ০২। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ২৮.০২.২০২৩ খ্রিঃ। আবেদনকারীকে অবশ্যই ২৮.০২.২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে হবে।
- ০৩। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও চারিত্তিক সনদপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সাক্ষাতকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।
- ০৪। প্রার্থীকে অবশ্যই খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ১২-০২-২০২৩ খ্রিঃ তারিখে ২১ হতে ৩৫ বছরের মধ্যে বয়স হতে হবে। আবেদনপত্রে প্রার্থীর উল্লেখিত কোন তথ্য নিয়োগ কার্ত্রমের যে কোন পর্যায়ে ভুয়া বা অসত্য প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫। চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত ফ্যাসিলিটেরকে জামানত হিসেবে মোট ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার ও ফ্যাসিলিটের এর যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাবে জমা রাখতে হবে। চাকুরী হতে অব্যাহতি সাপেক্ষে উক্ত জামানতের সমুদয় টাকা ফেরৎ দেওয়া হবে।
- ০৬। চাকুরী সংক্রান্ত প্রচলিত আচরণ বিধি, প্রকল্পের নীতিমালা এবং অন্যান্য বিধি বিধান সমূহ নিয়োগকৃত ফ্যাসিলিটেরগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ০৭। নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে। ঋণের সার্ভিস চার্জ আদায় হতে কর্মীগণ বেতন ভাতা প্রাপ্য হবেন। নিয়োগকৃত কর্মীর কাজ সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হবে।
- ০৯। নিয়োগকারী কর্তৃপক্ষ সময়ে সময়ে সরকারি বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন যে কোন অতিরিক্ত শর্ত সংযোজন করতে বা যে কোন শর্ত পরিবর্তন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

 পরিতোষ কুমার চক্রবর্তী)
উপ-সহকারী নিবন্ধক

জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট ও
সভাপতি


উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের
জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের জনবল নিয়োগ কমিটি।

তারিখ ১২/০২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং ২৫/৩(২)।

সদয় অবগতির জন্য অনুলিপি দেওয়া হল।

- ০১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। যুগ্ম-নিবন্ধক (মাঃ ক্রেঃ গৃঃ ম ও বি দল), সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
- ০৪। জেলা সমবায় অফিসার, বাগেরহাট।
- ০৫। উপজেলা সমবায় অফিসার, চিতলমারী, বাগেরহাট।



উপ-সহকারী নিবন্ধক

জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট ও
সভাপতি

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের
জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের জনবল নিয়োগ কমিটি।